



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

৩০ জুলাই, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রীয় শোক পালন

নিহতদের প্রতি শোক ও তাদের পরিবারের পাশে দাঁড়ানোর আহ্বান উপাচার্যের

কোটা সংস্কার আন্দোলন ও তৎপরবর্তী সহিংসতায় নিহতদের স্মরণে এক দিনের রাষ্ট্রীয় শোক পালনের অংশ হিসেবে দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। ৩০ জুলাই ২০২৪ তারিখ মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা কালো ব্যাজ ধারণ করে কার্যালয়ে উপস্থিত হয়েছেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে নিহতদের আত্মার মাগফিরাত কামনায় বাদ জোহর দোয়া-মোনাজাতের আয়োজন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়গুলোতেও অনুরূপ কর্মসূচি পালন করা হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. মশিউর রহমান এক বার্তায় বলেন, কোটা সংস্কার আন্দোলন ও তৎপরবর্তী সহিংসতায় প্রাণনাশের মধ্য দিয়ে আমাদের অপূরণীয় ক্ষতি হয়েছে। শিক্ষার্থীসহ প্রতিটি মৃত্যু আমাদের মর্মান্বিত করেছে। উপাচার্য শোক বার্তায় শোকসন্তাপ্ত প্রতিটি পরিবারের সদস্যদের প্রতি গভীর শোক প্রকাশ করেন। যারা নিহত হয়েছেন তাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাদের শোকসন্তাপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। এসময় উপাচার্য নিহত পরিবারের সদস্যদের পাশে দাঁড়ানোর জন্য সামর্থবানদের প্রতি আহ্বান জানান।

দোয়া ও মোনাজাত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর আবদুস সালাম হাওলাদার, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন, জনসংযোগ দপ্তরের পরিচালক মো. আতাউর রহমান, প্রকাশনা ও বিপণন দপ্তরের পরিচালক আ. মালেক সরকার, শৃঙ্খলা ও নিরাপত্তা দপ্তরের পরিচালক মু. আখতারুজ্জামানসহ বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

(মো. আতাউর রহমান)
পরিচালক
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়